# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫০১]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ২৩: গ্রহণকালীন (সালাতের পর) খুৎবার প্রকার

## باب كَيْفَ الْخُطْبَةُ فِي الْكُسُوفِ

---

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قال: حَدَّثَنَا عَبْدَةُ، قال: حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ: خَسَفَتِ الشَّمْسُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَامَ فَصَلَّى فَأَطَالَ الْقِيَامَ جِدًّا، ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ جِدًّا، ثُمَّ رَفَعَ فَأَطَالَ الْقِيَامَ جِدًّا وَهُوَ دُونَ الْقِيَامِ الْأَوَّلِ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُوَ دُونَ الرُّكُوعِ الْأَوَّلِ، ثُمَّ سَجَدَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ، فَأَطَالَ الْقِيَامَ وَهُوَ دُونَ الْقِيَامِ الْأَوَّلِ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُوَ دُونَ الرُّكُوعِ الْأَوَّلِ، ثُمَّ رَفَعَ فَأَطَالَ الْقِيَامَ وَهُوَ دُونَ الْقِيَامِ الْأَوَّلِ، ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ وَهُوَ دُونَ الرُّكُوعِ الْأَوَّلِ، ثُمَّ سَجَدَ فَفَرَغَ مِنْ صَلَاتِهِ وَقَدْ جُلِّيَ عَنِ الشَّمْسِ، فَخَطَبَ النَّاسَ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ، ثُمَّ قَالَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لَا يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ، فَإِذَا رَأَيْتُمْ ذَلِكَ فَصَلُّوا وَتَصَدَّقُوا وَاذْكُرُوا اللَّهَ عَزَّ وَجَلَّ، وَقَالَ: يَا أُمَّةَ مُحَمَّدٍ، إِنَّهُ لَيْسَ أَحَدٌ أَغْيَرَ مِنَ اللَّهِ عَزَّ وَجَلَّ أَنْ يَزْنِيَ عَبْدُهُ أَوْ أَمَتُهُ، يَا أُمَّةَ مُحَمَّدٍ لَوْ تَعْلَمُونَ مَا أَعْلَمُ لَضَحِكْتُمْ قَلِيلًا وَلَبَكَيْتُمْ كَثِيرًا .

تخريج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ١٧٠٩٢) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1501 ـ صحيح

বাংলা

১৫০০. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) ..... ‘আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আল্লাহর রসূল (সা.)

-এর যুগে সূর্যগ্রহণ লাগল। তখন তিনি দাঁড়ালেন ও সালাত আদায় করতে লাগলেন। তিনি কিয়ামকে খুব লম্বা করলেন। তারপর রুকূ করলেন এবং রুকূ'কেও খুব লম্বা করলেন। তারপর মাথা উঠালেন আর কিয়ামকেও খুব লম্বা করলেন, কিন্তু তা আগের কিয়াম থেকে সংক্ষিপ্ত ছিল। অতঃপর রুকূ' করলেন এবং রুকূকেও দীর্ঘ করলেন কিন্তু তা আগের রুকূ থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর সাজদাহ্ করলেন। পরে তার মাথা উঠালেন আর কিয়ামকে লম্বা করলেন। কিন্তু তা আগের কিয়াম থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর রুকূ' করলেন এবং রুকূ'কেও লম্বা করলেন, কিন্তু তা পূর্ববর্তী রুকূ থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর মাথা উঠালেন এবং কিয়ামকে লম্বা করলেন, কিন্তু তা পূর্ববর্তী ক্বিয়াম থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর রুকূ করলেন এবং রুকূকে লম্বা করলেন আর তা আগের রুকূ' হতে সংক্ষিপ্ত ছিল তারপর সাজদাহ করলেন। তারপর সালাত থেকে অবসর হয়ে গেলেন। ইত্যবসরে সূর্য আলোকিত হয়ে গেল। তারপর তিনি মানুষদেরকে লক্ষ্য করে খুৎবা দিলেন এবং আল্লাহ তা'আলার প্রশংসা ও গুণাগুন বর্ণনা করলেন। এরপর বললেন, কারও জন্মমৃত্যুর কারণে চন্দ্র-সূর্যের গ্রহণ হয় না। অতএব যখন তোমরা তা দেখবে সালাত আদায় করবে এবং সদাক্বাহ্ করবে ও আল্লাহর স্মরণ করবে। তিনি আরও বললেন, হে উম্মতে মুহাম্মাদী! কেউ আল্লাহ তা'আলা থেকে অধিক রাগান্বিত হন না যে, তাঁর কোন বান্দা অথবা বান্দী ব্যভিচার করবে। হে উম্মতে মুহাম্মাদী! আমি যা জানি তা যদি তোমরা জানতে তা হলে অবশ্যই তোমরা কম হাসতে এবং অধিক কাঁদতে।

## English

How is the Khutbah delivered during an eclipse?

It was narrated that Aishah said: There was an eclipse of the sun during the time of the Messenger of Allah (ﷺ). He stood and prayed, standing for a very long time, then he bowed for a very long time. Then he stood up and (remained standing) for a very long time, but shorter than the first time. Then he bowed for a very long time, but shorter than the first time. Then he prostrated, then he raised his head and stood for a long time, but it was shorter than the first time. The he stood up and (remained standing) for a long time, but it was shorter than the first time. Then he prostrated, and when he finished his prayer, the eclipse had ended. He addressed the people and praised and glorified Allah, then he said: 'The sun and the moon do not become eclipsed for the death or birth of anyone. If you see that then pray, give in charity, and remember Allah, the Mighty and Sublime.' And he said: 'O Ummah of Muhammad! There is no one who is more jealous than Allah (SWT) when His male or female slave commits Zina. O Ummah of Muhammad, if you knew what I know, you would laugh little and weep much.'

## ফুটনোট

সহীহঃ বুখারী ১০৪৪, মুসলিম (২/১/৪১৮)। [দ্রঃ ১৪৭৪]।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89996

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন